মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড "জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।

www.mgmcl.org.bd

পত্রনং- ২৮.১৭.০০০০.৪০০.২৮.০০১.১৯/৫৪ তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২১ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর নিম্নোক্ত স্থায়ীপদে ৯ম গ্রেডে কর্মকর্তা নিয়োগ ও প্যানেল তৈরীর উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে http://mgmcl.teletalk.com.bd ওয়েবসাইটে Online-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল'১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. |
| ১. | সহকারী প্রকৌশলী (সিভিল) | ৩ | গ্রেড-৯ম<br>টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি<br>অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক) | ৪ | গ্রেড-৯ম<br>টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং / ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি<br>অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| | সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ৭ | গ্রেড-৯ম<br>টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি<br>অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| | সহকারী প্রকৌশলী (মাইনিং) | ৩ | গ্রেড-৯ম<br>টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন মাইনিং ইঞ্জিনিয়ারিং/ পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং/ পেট্রোলিয়াম এন্ড মিনারাল রিসোর্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রি<br>অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |

চলমান পাতা/২

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল'১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ২. | সহকারী ব্যবস্থাপক (আইসিটি) | ২ | গ্রেড-৯ম টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স /ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি ডিগ্রি<br>অথবা ৫ বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৩. | সহকারী ব্যবস্থাপক (আইন) | ১ | গ্রেড-৯ম টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ল/ ল এন্ড জাস্টিস/ ল এন্ড ল্যান্ড এ্যাডমিনিস্ট্রেশন বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতক(সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রি।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/ শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৪. | সহকারী ব্যবস্থাপক (সাধারণ) | ৬ | গ্রেড-৯ম টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতক(সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা ৪ বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) ডিগ্রি।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৫. | সহকারী ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | ৭ | গ্রেড-৯ম টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | একাউন্টিং/ একাউন্টিং এন্ড ইনফোরমেশন সিস্টেম/ ম্যানেজমেন্ট স্ট্যাডিজ/ ম্যানেজমেন্ট/ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম/ফাইনান্স/ ফাইনান্স এন্ড ব্যাংকিং/ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স /মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেস বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতক(সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি অথবা বাণিজ্যিক বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রি/বিবিএ/সিএ অথবা আইসিএমএ(ইন্টারমিডিয়েট)/এমবিএ।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৬. | সহকারী ব্যবস্থাপক (ভূ-তত্ত্ব) | ৩ | গ্রেড-৯ম টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে জিওলজি/ জিওলজি এন্ড মাইনিং/জিওলজিক্যাল সায়েন্স বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতক(সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রি।<br>কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৭. | সহকারী ব্যবস্থাপক (মেডিকেল) | ১ | গ্রেড-৯ম টাঃ২২,০০০ – ৫৩,০৬০/- | স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রিসহ বিএমডিসি-এর রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্ত অথবা দেশের বাহিরে এমবিবিএস সমমানের সনদ প্রাপ্ত যা বিএমডিসি কর্তৃক অনুমোদিত হতে হবে এবং বিএমডিসি-এর রেজিস্ট্রেশন নম্বর থাকতে হবে। |

চলমান পাতা/৩

শর্তাবলীঃ

১। আবেদনকারীর বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর । তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। সহকারী ব্যবস্থাপক (মেডিকেল) পদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণ যোগ্য নয়।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা'য় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। মৌখিক পরীক্ষার সময় ঐ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৩। `O' Level ও `A' Level পাস হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের ( শ্রেণি / বিভাগ / জিপিএ / সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

৪। একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। একই প্রার্থী একের অধিক পদে আবেদন করলে আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূলকপি ও Application Form এবং সকল কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে সনাক্তকরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হবে।

৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না । শূন্য পদের সংখ্যা কম বা বেশী এবং নিয়োগের সময় কোম্পানির অনুমোদিত অর্গানোগ্রাম-এর পদনাম অনুযায়ী পদায়ন করা হবে। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এমজিএমসিএল'র নিজস্ব ওয়েবসাইটে (mgmcl.org.bd) পাওয়া যাবে।

১০। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীগণ http://mgmcl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন । আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৪-১১-২০২১ খ্রিঃ সকাল-১০টা।**

**Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৩-১২-২০২১ খ্রিঃ, বিকাল-০৫.০০টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০ x ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ x ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

চলমান পাতা/৪

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এআবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

Online- এ আবেদনপত্র ( Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে বর্ণিত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পযন্ত Online- এ আবেদন পত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: MGMCL < space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: *MGMCL ABCDEF*

Reply: Applicant's Name, TK……., will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MGMCL < space> Yes < space> PIN and Send to 16222.

**দ্বিতীয় SMS:** MGMCL < space> Yes < space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Reply: Congratulations Applicant's Name, payment complete successfully for MGMCL Application for post xxxxxxxxxxxxx User ID is ( ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) **প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://mgmcl.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে ( শুধুমাত্র যোগ্যপ্রার্থীদেরকে ) যথা সময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় ।

(ছ) SMS-এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: MGMCL < space> Help < space> User< space> User ID & Send to 16222.
   Example :*MGMCL* Help User *ABCDEF* & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে: MGMCL < space> Help < space> PIN< space> PIN No & Send to 16222.
   Example :*MGMCL* Help PIN 123456 & Send to 16222.

(ঝ) Online-আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও vas.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১১। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৩/১১/২০২১

মহাব্যবস্থাপক (প্রশাসন ও সেবা)